

শেখ হাসিনার বারতা  
নারী পুঙ্খ -সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
সৈয়দপুর, নীলফামারী  
uwaosaidpur@gmail.com

স্মারক নং-৩২.০১.৭৩৮৫.০০০.২০.০০২.২১-৪৪০

তারিখ ১১ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ জুন ২০২০ খ্রিষ্টাব্দ


পূর্ণ মহিলা প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর, সৈয়দপুর, নীলফামারী জেলাই হতে সেপ্টেম্বর/২০২০ মেয়াদের জন্য দর্জি বিজ্ঞান কোর্সে ৩০(ত্রিশ) জন শুধুমাত্র মহিলা প্রার্থীদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ভর্তির শর্তাবলি

- ১। ভর্তি ইচ্ছুক প্রার্থীগনকে নিম্নস্বাক্ষরকারীর দপ্তর (মহিলা বিষয়ক অধিদপ্তর, সৈয়দপুর, নীলফামারী) হতে ভর্তির আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথ ভাবে পূরণ করে আগামী ১০/০৭/২০২০ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি জমা দিতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ২। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, সদ্যতোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/জন্ম নিবন্ধন, মেয়র/চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র সহ জমা দিতে হবে।
- ৩। প্রশিক্ষণে ভর্তি ইচ্ছুক মহিলাদেরকে শারীরিক ভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবিবাহিত/তাল্যাকপ্রাপ্ত/দুহস্ত ও অসহায়/বিধবা/স্বামী পরিত্যক্তা মহিলাগণ ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। কোন সংক্রামক বা ছোয়াচে/অঙ্গসত্তা/রোগাক্রান্ত মহিলাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৪। ভর্তি ইচ্ছুক প্রশিক্ষণার্থীদের বয়স ১৮ হতে ৩৫ বছরের মধ্যেই হতে হবে।
- ৫। নির্বাচিত প্রশিক্ষণার্থীদের শুধুমাত্র উপস্থিতির দিনগুলোতে দৈনিক ভাতা দেয়া হবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা দেওয়া হবে না।
- ৬। প্রশিক্ষণ চলাকালীন সময় প্রশিক্ষণার্থীদের কোন আত্মীয়-স্বজন এবং শিশু সন্তান তার সাথে থাকতে পারবে না।
- ৭। প্রশিক্ষণ কেন্দ্রের নির্ধারিত কারিকুলাম/সিলেবাস বা রুটিন অনুযায়ী তাত্ত্বিক বা ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণের অংশ হিসাবে সকল প্রশিক্ষণার্থীদেরকে হাতে কলমে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রশিক্ষণ চলাকালে বিধি বিধান ও প্রশিক্ষণ কর্মসূচীর নিয়ম শৃঙ্খলা প্রশিক্ষণার্থীদেরকে মেনে চলতে হবে।
- ৮। দর্জি বিজ্ঞান আগামী ২৪/০৭/২০২০ তারিখ আবেদন করীদের ভর্তি সাক্ষাতকার সকাল ১০:০০ টায় উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত তারিখ ও সময়ে সকল প্রার্থীকে উপস্থিত থাকতে হবে। ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না।
- ৯। ভর্তি পরীক্ষার ফলাফল ২৭/০৭/২০২০ ইং তারিখে নোটিশ বোর্ডে জানিয়ে দেওয়া হবে এবং একই দিনে প্রশিক্ষণার্থীদের ভর্তি করা হবে।
- ১০। আগামী ০৩/০৮/২০২০ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ৯.৩০ ঘটিকা হতে প্রশিক্ষণ/ক্লাস শুরু হবে।
- ১১। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালে চূড়ান্ত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সনদপত্র/সার্টিফিকেট প্রদান করা হবে।

**বিশেষ স্ট্রটব্যঃ- পূর্বে প্রশিক্ষণ নিয়ে থাকলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।**

  
(নূরুন্নাহার শাহজাদী)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
সৈয়দপুর, নীলফামারী।  
ফোন-০২৫৮১১৫৬০১০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

- ১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নীলফামারী।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
- ৫। নোটিশ বোর্ড অফিস।